



তারেক রহমানকে ঘিরে জনগণের প্রত্যাশা বাড়ছে: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

দেশে একটি সহনশীল ও গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা গড়ে ওঠার সম্ভাবনায় মানুষ নতুন করে আশাবাদী হয়ে উঠেছে বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, বর্তমান সময় জাতির জন্য একটি গুরুত্বপূর্ণ সুযোগ এনে দিয়েছে। শনিবার রাজধানীর একটি হোটেলে আয়োজিত গণমাধ্যমকর্মীদের সঙ্গে বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। রাজনৈতিক পরিস্থিতির কথা উল্লেখ করে মির্জা ফখরুল বলেন, চ্যালেঞ্জপূর্ণ এই সময়ে দেশে ফিরে তারেক রহমান দায়িত্ব নিয়েছেন, আর জনগণ তার নেতৃত্বের দিকে প্রত্যাশা নিয়ে তাকিয়ে আছে। এ সময় তিনি মহান মুক্তিযুদ্ধের বীর মুক্তিযোদ্ধা এবং ২০২৪ সালের গণআন্দোলনে অংশ নেওয়া সকল নাগরিককে কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন, যারা গণতান্ত্রিক বাংলাদেশের পথ উন্মুক্ত করেছেন। অনুষ্ঠানে বিএনপির স্থায়ী কমিটির সদস্যসহ দেশের বিভিন্ন গণমাধ্যমের শীর্ষ পর্যায়ের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

LENS ASIA